

নির্বাচনে দায়িত্বে থাকা দুই হাজার নেতাকে চাদর (কাশ্মীরি শাল) দিলেন নৌপরিবহন প্রতিমন্ত্রী
বিরল (দিনাজপুর) ২৭ জানুয়ারি ২০২৪;

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে দিনাজপুর-২ আসনে নৌকার প্রার্থীর পক্ষে দায়িত্ব পালন করা উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের ২ হাজার নেতাকে চাদর (কাশ্মীরি শাল) উপহার দিলেন খালিদ মাহমুদ চৌধুরী এমপি। প্রতিমন্ত্রী আজ বিকালে বিরল পাইলট স্কুল মাঠে শুধুমাত্র নেতৃত্বে থাকাদের নিয়ে এ আয়োজন করেন।

শাল উপহার দেয়ার আগে সকল নেতাদের উদ্দেশ্যে খালিদ মাহমুদ চৌধুরী বলেন, "দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে দিনাজপুর-২ (বিরল বোচাগঞ্জ) আসনে নির্বাচনকে উৎসবমুখর করতে নিরলসভাবে কাজ করেছেন নেতাকর্মীরা। বিশেষ করে উপজেলা, পৌরসভা, ইউনিয়ন, ওয়ার্ড এবং ইউনিট পর্যায়ের প্রত্যেক নেতা দিনরাত কাজ করেছেন। "নির্বাচনে শক্তিশালী প্রতিদ্বন্দ্বি প্রার্থী না থাকলেও নির্বাচনটা উৎসবমুখর করেছেন আপনারা। আমি আপনাদের জন্য কিছুই করতে পারি নাই। এ নির্বাচনে শতকরা ৫৭ ভাগ ভোট পড়েছে, যেখানে বেশিরভাগ ভোটই নৌকা মার্কী পেয়েছে, এই নির্বাচন উৎসবমুখর করার সকল সফলতা আপনাদের। সবাইকে আমি অভিনন্দন জানাই।" নৌপরিবহন প্রতিমন্ত্রী বলেন, "বিরল উপজেলা থেকে শুরু করে ওয়ার্ড পর্যন্ত আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের ১ হাজার ৫৩ জন নেতা দায়িত্ব পালন করেছেন। আমি সবার জন্য একটি করে কাশ্মিরি শাল নিয়ে এসেছি। আপনাদের সঙ্গে আমি কাজ করেছি, এই শাল উপহার হিসেবে নেবেন।

"একই ভাবে বোচাগঞ্জ উপজেলায়ও আমি দিয়েছি। মোট ২ হাজার নেতাদের এই শাল দিচ্ছি। আমার পক্ষ থেকে ক্ষুদ্র উপহার আপনারা নিয়ে যাবেন।" এর পর পর উপজেলা আওয়ামী লীগ থেকে শুরু করে ওয়ার্ড ও ইউনিটের নেতারা প্রতিমন্ত্রীর কাছ থেকে শাল উপহার নেন। এ সময় বিরল উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক সবুজার সিদ্দিকী সাগর ও সাধারণ সম্পাদক ও নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব রমাকান্ত রায় উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

মোঃ জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১ ৪২৫৩৬৪